



বাংলা বিভাগ

রাজশাহী কলেজ, রাজশাহী।

ফোন- ০২৫৮৮৮৫৭৬২৩

e-mail-bangladeshdepartment1959@gmail.com

ISSN 2227-1635

বাঙলা সাহিত্যিকী

সাহিত্য • সংস্কৃতি • ইতিহাস • ঐতিহ্য

বিষয়ক বার্ষিক গবেষণা পত্রিকা

রাজশাহী কলেজ, বাংলা বিভাগ থেকে প্রকাশিত
A Peer Review Journal 'বাঙলা সাহিত্যিকী' ৮ম সংখ্যা
প্রকাশের জন্য লেখা আহ্বান



সানন্দে জানানো যাচ্ছে যে, সাহিত্য-সংস্কৃতি-ইতিহাস-ঐতিহ্য বিষয়ক বার্ষিক গবেষণা পত্রিকা 'বাঙলা সাহিত্যিকী' (A Peer Review Journal) বিদ্যাসাগর-মধুসূদন সংখ্যা (ISSN 2227-1635) প্রকাশ হতে যাচ্ছে। বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও আধুনিকতার পথিকৃৎ কবি মাইকেল মধুসূদন দত্ত; যাঁদের জন্ম দুইশত বছর অতিক্রম করেছে। তাঁদের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদনের লক্ষ্যে বাংলা বিভাগ, রাজশাহী কলেজ বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। সৃজনশীল ও মননশীল লেখক-পাঠকদের নিকট 'বাঙলা সাহিত্যিকী' অবাধ বিচরণক্ষেত্রে পরিণত হবে—এ আমাদের বিশ্বাস। আগ্রহী লেখক-প্রাবন্ধিক বিদ্যাসাগর ও মাইকেল মধুসূদন বিষয়ক মননশীল ও গবেষণামূলক প্রবন্ধ/ 'সাহিত্য-সংস্কৃতি-ইতিহাস-ঐতিহ্য' বিষয়ক বাংলা ভাষায় লিখিত যে কোন প্রবন্ধ জমা দিতে পারেন। পূর্বে প্রকাশিত বা অন্য কোন প্রতিষ্ঠান/ পত্রিকায় দাখিলকৃত প্রবন্ধ গ্রহণযোগ্য নয়। 'বাঙলা সাহিত্যিকী'র সম্পাদনা পরিষদ গবেষণা পত্রিকায় প্রকাশযোগ্য প্রবন্ধের যে সব বৈশিষ্ট্য প্রত্যাশা করে তা নিম্নরূপ:

১. প্রবন্ধের বিষয় নির্বাচনের ক্ষেত্রে মৌলিকত্ব বজায় রাখা।
২. গবেষণা প্রবন্ধের প্রচলিত রীতি ও পদ্ধতি অনুসরণ করা।
৩. ফুটনোট ব্যবহার ও যথাযথ প্রয়োগ করা।
৪. গ্রন্থপঞ্জি, টীকা ও তথ্যনির্দেশের যতিচিহ্ন ও সংকেত প্রয়োগের ক্ষেত্রে গ্রহণযোগ্য রীতি অনুসরণ করা।
৫. প্রবন্ধের শুরুতে বাংলা অথবা ইংরেজি ভাষায় অনূর্ধ্ব ১০০ শব্দের মধ্যে একটি সারসংক্ষেপ সংযোজন করা।
৬. প্রবন্ধের বানানের ক্ষেত্রে বাংলা একাডেমি প্রমিত বানানরীতি অনুসরণ করা। (তবে উদ্ধৃতিমূলের বানান অবিকৃত থাকবে)।
৭. প্রবন্ধের পরিসর যথাসম্ভব আট থেকে বার হাজার শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখা।

৮ম সংখ্যায় প্রবন্ধ প্রকাশের জন্য লেখা জমাদানের শেষ তারিখ: ১৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ।

'বিজয়' সফটওয়্যারে 'SutonnyMJ' ফন্ট-এ কম্পোজ করে প্রবন্ধের দুই সেট প্রিন্ট কপি সিডিসহ জমা দানের জন্য অনুরোধ করা হল। এছাড়াও বাংলা বিভাগের ই-মেইল banglashahittiki2012@gmail.com- এ লেখা পাঠানো যাবে। প্রবন্ধের সঙ্গে প্রবন্ধকারের প্রাতিষ্ঠানিক পদমর্যাদাসহ (প্রয়োজ্য ক্ষেত্রে) যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর থাকতে হবে।

(প্রফেসর ড. শিখা সরকার)

বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ

রাজশাহী কলেজ, রাজশাহী

যোগাযোগের ঠিকানা:

মো: ইকবাল হোসেন

সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ

ও সম্পাদক, বাঙলা সাহিত্যিকী

মুঠোফোন: ০১৭১৫-৭১৫০৭১

ড.মো: রবিউল ইসলাম

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

ও সহযোগী সম্পাদক, বাঙলা সাহিত্যিকী

মুঠোফোন: ০১৭১৬-২৮৫৭৬৩